

AME (ICT RTHD)  
27/06/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০১৭-২০১৮ এর চতুর্থ প্রান্তিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ নজরুল ইসলাম  
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
তারিখ : ২৪ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ  
সময় : বেলা ১১.০০ ঘটিকা  
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি) বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-২০১৮ এর চতুর্থ প্রান্তিকের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ডেপ্লি কর্মকর্তা এবং অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার পক্ষে স্ব-স্ব ফোকাল পয়েন্টগণ ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ সভায় পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন।

০২। এ বিভাগ ও এর অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার পক্ষ হতে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহের অগ্রগতি বিশেষতঃ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান, অনলাইন সেবা চালু করা, দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহার, উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ, দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করা, দুর্নীতি প্রতিরোধে গণশুনানী অনুষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের ক্ষেত্রে Grey Area চিহ্নিতকরণসহ অন্যান্য কার্যক্রমের অগ্রগতি সভায় জানানো ও তা আলোচনা হয়। জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ, আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার কাজ, ই-ফাইল পদ্ধতি বাস্তবায়ন, ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, সেবা পদ্ধতি সহজীকরণ, উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতা/সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের NIS ডেপ্লি কর্মকর্তা সভাকে জানান, এ বিভাগের NIS কর্ম-পরিকল্পনাভুক্ত প্রায় সকল কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত স্পষ্টীকরণ অনুসরণে NIS কর্ম-পরিকল্পনাভুক্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যকর উদ্যোগ প্রয়োজন। এ পর্যায়ে সভাপতি বলেন এ প্রান্তিকের মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে।

০৪। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ইনোভেশন কর্মকর্তা সভাকে জানান, এ বিভাগের NIS কর্ম-পরিকল্পনাভুক্ত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কার্যক্রমে বেশ কিছু কার্যক্রম বাস্তবায়ন হয়েছে ও কিছু বাস্তবায়নধীন আছে। NIS কর্ম-পরিকল্পনা ২০১৭-২০১৮ প্রথম প্রণয়নকালে ৬.২ ক্রমিকের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কার্যক্রমে যথাক্রমে “(ক) ডেভেলপমেন্ট অব মাল্টিমোডাল ট্রান্সপোর্ট ওয়েবপোর্টাল উইথ মোবাইল ইন্টারএ্যাকটিভ (খ) ২ বছরের মধ্যে অবসরে গমনযোগ্য সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাগণের অডিট সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুত এবং ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির উদ্যোগ” অন্তর্ভুক্ত ছিল। যা বাস্তবায়িত হয়েছে। পরবর্তীতে এ দু’টি কার্যক্রমের পরিবর্তে যথাক্রমে (ক) Road Profile তৈরি এবং (খ) Budget Forecasting কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয় যা বাস্তবায়নধীন আছে। NIS কর্ম-পরিকল্পনায় ৬.২ ক্রমিকের বর্তমান নির্ধারিত দু’টি কার্যক্রমের পরিবর্তে বাস্তবায়িত দু’টি কার্যক্রম পুনর্নির্ধারণের অনুরোধ করেন।



০৪। এ পর্যায়ে সভাপতি NIS কর্মপরিকল্পনাভুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। যে সমস্ত কার্যক্রম পরিপূর্ণভাবে বাস্তবায়ন হয়নি তা অবশিষ্ট দিনসমূহের মধ্যে সুষ্ঠুভাবে বাস্তবায়নে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সড়ক ও জনপথ অধিদপ্তরের NIS কর্মপরিকল্পনাভুক্ত ৩.১ ক্রমিকে কার্যক্রম 'Highway Act খসড়া যুগোপযোগীকরণ' আগামী ২৬/০৬/২০১৮ তারিখের মধ্যে খসড়া প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে। বিআরটিএ'র বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা ১৯৯২) সংশোধিত ২০১৬) অধিকতর সংশোধনের প্রস্তাব লক্ষ্যমাত্রা অনুযায়ী এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। ২টি অনলাইন সেবা চালু, ২টি উত্তমভাবী উদ্যোগ বাস্তবায়ন এর কার্যক্রমের বাস্তবায়ন দৃশ্যমান ও কার্যকর করতে হবে। সভা অডিট সংক্রান্ত কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী নিষ্পত্তি করার প্রচেষ্টা অব্যাহত রাখতে এবং ই-টেন্ডার ও ই-ফাইল কার্যক্রম চালু এবং এর ক্ষেত্র প্রসারিত করার উপর গুরুত্বারোপ করে। বিআরটিএ'র দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিতকরণ কার্যক্রমে তা চিহ্নিতকরণ সুনির্দিষ্টভাবে করতে হবে। ডিটিসিএ,র ৩.১ কার্যক্রমের ট্রাফিক সার্কুলেশন খসড়া বিধি প্রণয়নে লক্ষ্যমাত্রা বাস্তবায়ন না হওয়ার কারণ ডিটিসিএ হতে ব্যাখ্যা দেয়া হয়। উক্ত কার্যক্রম বাস্তবায়ন হবে না তা সত্ত্বেও কোন লক্ষ্যমাত্রা ২৫/০৬/২০১৮ তারিখ নির্ধারণ করা হলো তার ব্যাখ্যা চাওয়ার সিদ্ধান্ত হয়। এছাড়া ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন ও ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে মর্মে আলোচনা হয়।

**সিদ্ধান্ত :**

১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভুক্ত ৩.১ ক্রমিকের বাংলাদেশ সড়ক পরিবহন আইন-২০১৮ এবং ৩.২ ক্রমিকে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন-২০১৮ জাতীয় সংসদে বিল হিসেবে প্রেরণ কার্যক্রমের সূচক মন্ত্রিপরিষদ বিভাগের ১৪/০৩/১৮ তারিখের রেকর্ড নোটস-এর ৯.৩ সিদ্ধান্তের আলোকে পরিবর্তন করে যথাক্রমে “আইন মন্ত্রণালয়ে ভেটিং-এর জন্য প্রেরণ” এবং “মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ” পুনর্নির্ধারণ করা হয়।
২. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভুক্ত ৬.২ ক্রমিকের উত্তমভাবী উদ্যোগ বাস্তবায়ন কার্যক্রমে “(ক) ডেভেলপমেন্ট অব মাল্টিমোডাল ট্রান্সপোর্ট ওয়েবপোর্টাল উইথ মোবাইল ইন্টারএ্যাকটিভ (খ) ২ বছরের মধ্যে অবসরে গমনযোগ্য সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাগণের অডিট সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুত এবং ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির উদ্যোগ” পুনর্নির্ধারণ করা হয়;
৩. শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত গত ১৩/০৩/২০১৮ তারিখের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী পুরস্কার প্রদান সম্পর্কে স্পষ্টীকরণে প্রদত্ত নির্দেশনা অনুসরণে লক্ষ্যমাত্রা অনুযায়ী এ প্রাপ্তিকের মধ্যেই শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে;
৪. সড়ক ও জনপথ অধিদপ্তর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভুক্ত ৩.১ ক্রমিকের কার্যক্রম Highway Act খসড়া যুগোপযোগীকরণে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৬/০৬/২০১৮ তারিখের মধ্যে খসড়া প্রণয়ন নিশ্চিত করতে হবে;
৫. বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভুক্ত ৩.১ ক্রমিকের কার্যক্রম “বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ১৯৯২ অধিকতর সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ” এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
৬. বিআরটিএ'র শুদ্ধাচার কর্ম-পরিকল্পনাভুক্ত ৫.৫ ও ৬.২ ক্রমিকের কার্যক্রম যথাক্রমে ২টি অনলাইন সেবা চালু, ২টি উত্তমভাবী উদ্যোগ বাস্তবায়ন এর কার্যক্রমের বাস্তবায়ন দৃশ্যমান ও কার্যকর করতে হবে। প্রচলিত বিধি-বিধানের আলোকে ব্যক্তিগত গাড়ি ৫ বছরের জন্য ফিটনেস দেয়া যায় কীনা তা যাচাই-বাছাই করতে হবে;
৭. বিআরটিএ'র NIS কর্ম-পরিকল্পনার ৭.৫ ক্রমিকের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিতকরণ কার্যক্রমে Grey Area সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে হবে;
৮. ডিটিসিএ'র NIS কর্ম-পরিকল্পনার ৩.১ কার্যক্রম “ট্রাফিক সার্কুলেশন খসড়া বিধি প্রণয়ন” এর লক্ষ্যমাত্রা ২৫/০৬/২০১৮ কেন নির্ধারণ করা হয়েছিল তার ব্যাখ্যা দিতে হবে।

০৫। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৬-০৬-১৮

(মোঃ নজরুল ইসলাম)

সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৪.০৬.০২৩.১৭-১১৮

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ  
২৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন/এস্টেট/বাজেট/উন্নয়ন/আইন/আরবান ট্রান্সপোর্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
- ০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
- ০৭। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৮। উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ/বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। অফিস কপি/মাস্টার কপি।

  
দীপঙ্কর মন্ডল  
উপসচিব

ফোনঃ ৯৫৭৩২২৭

E-mail: [dsdtcadmtc@rthd.gov.bd](mailto:dsdtcadmtc@rthd.gov.bd)